



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ওএম/৭৪/ম/১৪-৬১৬

তারিখ : ০৯/১০/২০২৩খ্রি.

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন পদে এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগ ও এমপিও সংশ্লিষ্ট আবেদন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শূন্যপদে নিয়োগের লক্ষ্যে এনটিআরসিএ কর্তৃক সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের পক্ষ হতে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, কোন কোন শিক্ষা প্রতিষ্ঠান তাঁদের নিয়োগ পত্র গ্রহণ ও অনুমোদনের ক্ষেত্রে নানা রকম হয়রানি, বাঁধা প্রদান ও ক্ষেত্র বিশেষ নানান অজুহাতে কালক্ষেপণ করা হচ্ছে, যা জনবলকাঠামো ও এমপিও নীতিমালা- ২০২১ এর ১৮.১(ঘ) ধারার সুস্পষ্ট লঙ্ঘন। যে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে এরূপ সুস্পষ্ট অভিযোগ পাওয়া যাবে তাদের বিরুদ্ধে প্রযোজ্য বিধি বিধানের আলোকে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। একই সাথে উপজেলা পর্যায়ে হতে অনলাইনে এমপিও সংশ্লিষ্ট আবেদন অগ্রায়ণের ক্ষেত্রেও কোন ধরনের হয়রানির অভিযোগ পাওয়া গেলে জড়িতদের বিরুদ্ধে প্রযোজ্য বিধি বিধানের আলোকে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)

ফোন ৪১০৫০১১৮

addshesecondary2@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০৪। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ০৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ০৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৮। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিশ্চিতকরণের অনুরোধসহ]
- ০৯। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
[পত্রের নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]
- ১০। সভাপতি, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি.....
[পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়নের অনুরোধসহ]
- ১১। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা